

আল-হাইআতুল উলয়া লিল জামি'আতিল  
কওমিয়া বাংলাদেশ



গেজেট

আল-হাইআতুল উলয়া লিল জামি'আতিল কওমিয়া বাংলাদেশ গেজেট

প্রকাশক

আল-হাইআতুল উলয়া লিল জামি'আতিল কওমিয়া বাংলাদেশ  
৯২, আরামবগ, কাবিলা বিল্ডিং, মতিঝিল, ঢাকা-১০০০

প্রকাশকাল : জুলাই ২০১৯

হাদিয়া

২০.০০ টাকা

“আল-হাইআতুল উলয়া লিল-জামি‘আতিল কওমিয়া  
বাংলাদেশ’ এর অধীন ‘কওমি মাদরাসাসমূহের দাওরায়ে হাদীস  
(তাকমীল) এর সনদকে মাস্টার্স ডিগ্রি (ইসলামিক স্টাডিজ ও  
আরবি) এর সমমান প্রদান বিল ২০১৮”

## আল-হাইআতুল উলয়া লিল জামি'আতিল কওমিয়া বাংলাদেশ-এর প্রতিষ্ঠা ও পরিচিতি

মঙ্গলবার, ২৮ চৈত্র ১৪২৩ বাংলা, ১৩ রজব ১৪৩৮ হিজরী, ১১ এপ্রিল ২০১৭ ঈসাদ সন্ধ্যায় গণভবনে মাননীয় প্রধানমন্ত্রী উলামায়ে কেরামের উপস্থিতিতে কওমি মাদরাসার দাওরায়ে হাদীস (তাকমীল) এর সনদকে মাস্টার্স (ইসলামিক স্টাডিজ ও আরবি) এর সমমান প্রদানের ঘোষণা দেন।

১৩ এপ্রিল ২০১৭ তারিখে মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে সহকারী সচিব (স.বি.-১) জনাব আব্দুস সাত্তার মিয়া এ মর্মে একটি প্রজ্ঞাপন জারি করেন। উক্ত প্রজ্ঞাপনের ধারা নং ২ এ কওমি মাদরাসা বোর্ডসমূহ কর্তৃক গঠিত সনদের মান বাস্তবায়ন কমিটির উপর আস্থাঞ্জাপন পূর্বক একটি পূর্ণাঙ্গ কমিটির রূপরেখা পেশ করা হয়। সে রূপরেখা অনুযায়ী ১৮ রজব ১৪৩৮ হিজরী, ১৬ এপ্রিল ২০১৭ ঈসাদ রোজ রবিবার কমিটির চেয়ারম্যান আল্লামা আহমদ শফি (দামাত বারাকাতুহম) এর কার্যালয় হাটহাজারী মাদরাসা, চট্টগ্রাম-এ পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়।

এ কমিটি কর্তৃক একই কার্যদিবসে দাওরায়ে হাদীস (তাকমীল) এর পরীক্ষা গ্রহণের জন্য 'আল-হাইআতুল উলয়া লিল-জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ' প্রতিষ্ঠিত হয়। এ প্রতিষ্ঠানের অধীনে সোমবার, ১৮ শা'বান ১৪৩৮ হিজরী, ১৫ মে ২০১৭ ঈসাদ প্রথম দাওরায়ে হাদীস (তাকমীল) পরীক্ষা অনুষ্ঠিত হয়।

সোমবার, ২৬ ভাদ্র ১৪২৫ বাংলা, ২৯ যিলহজ্জ ১৪৩৯ হিজরী, ১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখ “আল-হাইআতুল উলয়া লিল-জামি'আতিল কওমিয়া বাংলাদেশ” এর অধীন 'কওমি মাদরাসাসমূহের দাওরায়ে হাদীস (তাকমীল) এর সনদকে মাস্টার্স ডিগ্রি (ইসলামিক স্টাডিজ ও আরবি) এর সমমান প্রদান বিল ২০১৮” জাতীয় সংসদে উত্থাপিত হয় এবং জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধির ২৪৬ বিধি অনুসারে বিলটি পরীক্ষা করে সংসদে রিপোর্ট প্রদানের জন্য সংসদ কর্তৃক শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিতে প্রেরণ করা হয়। এর আগে রবিবার, ১৩ আগস্ট ২০১৮ তারিখ মন্ত্রিসভায় এ বিলের খসড়া অনুমোদিত হয়।

